

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৩৫

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ যেসব কাজ মানুষকে আল্লাহর নৈকটো পৌঁছে দিবে, সেসব কাজে প্রয়াসী না হয়ে আল্লাহর ফায়সালার উপর ভরসা করা নিষিদ্ধ

ذِكْرُ مَا يَجِبُ عَلَى الْمَرْءِ مِنْ تَرْك الِاتِّكَال عَلَى قَضَاءِ اللَّهِ دُونَ التَّشْمِير فِيمَا يُقَرَّبُهُ إليه

আরবী

أَخْبَرَنَا الْفَضْلُ بْنُ الْحُبَابِ الْجُمَحِيُّ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ كَثِيرٍ الْعَبْدِيُّ حَدَّثَنَا شُعْبَةُ عَنْ سُلِيْمَانَ الْأَعْمَشِ عَنْ سَعْدِ بْنِ عُبَيْدَةَ عَنْ أَبِي عَبْدِ الرَّحْمَنِ السُّلُمِيِّ عَنْ عَلِيِّ بْنِ أَبِي طَالِبٍ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ فِي جِنَازَةٍ فَأَخَذَ عُودًا فَجَعَلَ ينكتُ بِهِ فِي طَالِبٍ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ فِي جِنَازَةٍ فَأَخَذَ عُودًا فَجَعَلَ ينكتُ بِهِ فِي الْأَرْضِ فَقَالَ: (مَا مِنْكُمْ مِنْ أَحَدٍ إِلَّا وَقَدْ كُتِبَ مَقْعَدُهُ مِنَ النَّارِ وَمَقْعَدُهُ مِنَ الْجَنَّةِ) فقال رَجُلُّ: أَلَا نَتَّكِلُ؟ فقالَ: (اعْمَلُوا فكلُّ مُيَسَّرُ) ثُمَّ قَرَأً: {فَأَمَّا مَنْ أَعْطَى وَاتَّقَى * وَصَدَّقَ رَجُلُ: أَلَا نَتَّكِلُ؟ فقالَ: (اعْمَلُوا فكلُّ مُيَسَّرُ) ثُمَّ قَرَأً: {فَأَمَّا مَنْ أَعْطَى وَاتَّقَى * وَصَدَّقَ بِالْحُسْنَى * فَسَنُيَسِّرُهُ لِلْيُسْرَى * وَأَمَّا مَنْ بَخِلَ وَاسْتَغْنَى * وَكَذَّبَ بِالْحُسْنَى * فَسَنُيَسِّرُهُ لِلْيُسْرَى * وَأَمَّا مَنْ بَخِلَ وَاسْتَغْنَى * وَكَذَّبَ بِالْحُسْنَى * فَسَنُيَسِّرُهُ لِلليل: 5 ـ 10].

الراوي: عَلِيّ بْن أَبِي طَالِبٍ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 335 ا خلاصة حكم المحدث: صحيح

বাংলা

৩৩৫. আলী বিন আবী তালিব রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, আল্লাহর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম একটি জানাযায় ছিলেন। অতঃপর তিনি একটি কাষ্ঠখন্ড নিয়ে তা দিয়ে মাটিতে আঁচড় কাটছিলেন। তারপর তিনি বলেন: "তোমাদের মাঝে এমন কেউ নেই, যার জন্য জান্নাতে অথবা জাহান্নামে স্থান নির্দিষ্ট করে দেওয়া হয়নি।" তখন এক ব্যক্তি বললেন: "তবে কি আমরা তার উপরই ভরসা করে (বসে) থাকবো না?" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: "তোমরা আমল করো। কেননা প্রত্যেককেই (যেজন্য সৃষ্টি করা হয়েছে, তা) সহজ করে দেওয়া হবে।" তারপর তিনি এই আয়াত পাঠ করেন: "কাজেই যে ব্যক্তি দান করবে, তাকওয়া অবলম্বন করবে এবং উত্তম জিনিস সত্যায়ন করবে, তার জন্য সহজ পথ সুগম করে দিব। আর যে ব্যক্তি কার্পণ্য



করবে, নিজেকে অমুখাপেক্ষী মনে করবে এবং উত্তম জিনিসকে মিথ্যা প্রতিপন্ন করবে, তার জন্য আমি কঠিন (খারাপ) পথ সহজ করে দিবো।" (সুরা আল লাইল: ৫-১০) [1]

ফুটনোট

[1] সহীহ আল বুখারী: ৪৯৪৯; মুসনাদ আহমাদ: ১/৮২; সহীহ মুসলিম: ২৬৪৭; তিরমিযী: ২১৩৬; ইবনু মাজাহ: ৭৮।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ আল বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (ইবনু মাজাহ: ৭৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আলী ইবনু আবী তালিব (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন